# ৪৮তম বিসিএস প্রিলি
# Pioneer Batch

## বাংলা সাহিত্য

লেকচার: ০২



টপিক: জীবনী সাহিত্য, মর্সিয়া সাহিত্য, নাথ সাহিত্য, অনুবাদ সাহিত্য, মুসলিম সাহিত্য, রোমান্টিক প্রণয়োপাখ্যান ও আরাকান (রোসাঙ্গ) রাজসভায় বাংলা সাহিত্য।

সাহিত্যিকঃ শাহ মুহম্মদ সগীর, দৌলত উজির বাহরাম খান, মুকুন্দরাম চক্রবর্তী, চন্দ্রাবতী, ভারতচন্দ্র রায়গুণাকর, কোরেশী মাগন ঠাকুর, দৌলত কাজী, আলাওল, আব্দুল হাকিম, মধ্যযুগের বাংলা সাহিত্যের কয়েকজন পৃষ্ঠপোষক।

# জীবনী সাহিত্য



- ✓ বাংলা সাহিত্যে একটি পঙ্‌ক্তি না লিখেও যার নামে একটি যুগের সৃষ্টি হয়েছে – শ্রীচৈতন্যদেব (১৪৮৬-১৫৩৩)।
- ✓ শ্রীচৈতন্যদেবের ডাক নাম – নিমাই
- ✓ চৈতন্যযুগ বলা হয় – ১৫০১-১৭০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কে।
- ✓ বাংলা ভাষায় প্রথম জীবনী সাহিত্য – চৈতন্য জীবনী সাহিত্য।
- ✓ শ্রীচৈতন্যদেবের জীবনী গ্রন্থকে বলা হয় – কড়চা।

জীবন গতিশীল

মন্ত্র ১১৫

রোমান সংখ্যা

মোট ৭

বিস্তারিত

নিয়ম

১) ক্ষেত্রফল

= যোগফল

প্রতীক – চিহ্ন

প্রতীকের নাম

১। ধারণা

২। ৮টি অধ্যায়

৩। ক) যোগাযোগমাধ্যম

খ) বিজ্ঞানসম্মত

তিনটি সম্পর্ক

৪। সংখ্যা কত

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

## ❖ জীবনী সাহিত্যের উল্লেখযোগ্য কবি

| কবি | কাব্য | তথ্য |
|---|---|---|
| মুরারি গুপ্ত | শ্রীশ্রীকৃষ্ণ চৈতন্যচরিতামৃতম | ○ তিনি জীবনী সাহিত্যের আদি কবি। তিনি ছিলেন শ্রীচৈতন্যের সহপাঠী।<br>○ সংস্কৃত ভাষায় রচিত 'শ্রী শ্রীকৃষ্ণ চৈতন্যচরিতামৃতম' চৈতন্যদেবের প্রথম জীবনী গ্রন্থ।<br>○ তার কাব্য 'মুরারি গুপ্তের কড়চা' নামে পরিচিত। |
| বৃন্দাবন দাস | শ্রীচৈতন্যভাগবত | ○ বাংলা ভাষায় জীবনী সাহিত্যের আদি কবি। বাংলা ভাষায় তিনিই প্রথম জীবনী রচনা করেন। |
| চূড়ামণি দাস | গৌরাঙ্গ বিজয় | ○ 'গৌরাঙ্গ বিজয়' মূলত তার জীবনী কাব্য; এর অন্য নাম 'ভুবনমঙ্গল'।<br>○ ড. সুকুমার সেন এ কাব্যের প্রকাশক। |
| কৃষ্ণদাস কবিরাজ | শ্রীচৈতন্যচরিতামৃত | ○ তিনি জীবনী সাহিত্যের শ্রেষ্ঠ কবি। এটি জীবনী সাহিত্যের শ্রেষ্ঠ গ্রন্থ। |
| গোবিন্দ দাস | শ্রীচৈতন্য কড়চা | ○ তার কাব্যের অপর নাম 'গোবিন্দদাসের কড়চা'। |
| লোচন দাস, জয়ানন্দ | চৈতন্যমঙ্গল | – |

# মর্সিয়া সাহিত্য

- ✓ মর্সিয়া শব্দটি আরবি, যার অর্থ – শোক প্রকাশ করা।
- ✓ মর্সিয়া এক ধরনের শোককাব্য বা শোকগীতি বা বিলাপ সঙ্গীত।
- ✓ জয়নবের চৌতিশা মর্সিয়া ধারার প্রথম কাব্য; এটি কারবালার কাহিনির ছোটো একটি অংশ অবলম্বনে রচিত। এর রচয়িতা শেখ ফয়জুল্লাহ যিনি এই ধারার আদি কবি।
- ✓ মর্সিয়া ধারার প্রধান কবি ফকির গরীবুল্লাহ।
- ✓ মর্সিয়া ধারার শ্রেষ্ঠ কাব্য মক্তুল হোসেন; যার রচয়িতা মুহম্মদ খান।
- ✓ রাধাচরণ গোপ মর্সিয়া ধারার হিন্দু কবিদের একজন। তার রচিত কাব্যের নাম 'ইমামগণের কেচ্ছা'।
- ✓ কারবালার প্রান্তরে শহিদ ইমাম হোসেন ও অন্যান্য শহিদকে উপজীব্য করে লেখা কবিতা 'মর্সিয়া' নামে পরিচিত।

সিলেট = [illegible] : [illegible]

[illegible] (ক - ২) [illegible]

[illegible]




## মর্সিয়া সাহিত্যের অন্যান্য কবি ও তাদের রচিত কাব্য

| গ্রন্থাবলি | গ্রন্থকার | গ্রন্থাবলি | গ্রন্থকার |
|---|---|---|---|
| জয়নবের চৌতিশা | শেখ ফয়জুল্লাহ | শহীদ-ই কারবালা ও সখিনার বিলাপ | জাফর |
| জঙ্গনামা, আমির হামজা | ফকির গরীবুল্লাহ | হানিফার কারবালা যাত্রা | নজর আলী |
| জঙ্গনামা | দৌলত উজির বাহরাম খান | হানিফার লড়াই | আবদুল আলিম |
| মক্তুল হোসেন | মুহম্মদ খান | কাসেম-বধ | হামিদ আলী |
| কাশিমের লড়াই, ফাতিমার সুরতনামা | শেরবাজ খান | ইমামগণের কেচ্ছা এবং আফৎনামা | রাধাচরণ গোপ |
| জঙ্গনামা | কবি হেয়াত মামুদ | | |

# নাথ সাহিত্য

- ✓ প্রাচীনকাল থেকে এদেশে শিব উপাসক এক শ্রেণির যোগী সম্প্রদায় ছিল, তাদের ধর্মের নাম – নাথ ধর্ম।
- ✓ নাথ সাহিত্যের উল্লেখযোগ্য রচনা – গোরক্ষ বিজয়।
- ✓ গোরক্ষবিজয়ের রচয়িতা - শেখ ফয়জুল্লাহ। মুসলমান হয়েও নাথ সাহিত্য রচনা করেন – শেখ ফয়জুল্লাহ।
- ✓ যে দুটি ধর্মের মিশ্রণে নাথ ধর্মের উৎপত্তি – বৌদ্ধধর্ম ও শৈবধর্ম ।
- ✓ নাথ ধর্মের প্রতিষ্ঠাতা ছিলেন মীননাথ। তাঁর আরেক নাম ছিল মৎসেন্দ্রনাথ। গোরক্ষনাথ ছিলেন এই মীননাথের শিষ্য। নাথ সাহিত্যের প্রধান শাখা ২টি। যথা –
  - ➢ **গোপীচন্দ্রের সন্ন্যাস:** 'গোরক্ষবিজয়' ও 'মীনচেতন' ইত্যাদি।
  - ➢ **ময়নামতি:** 'মাণিক রাজার গান', 'গোবিন্দচন্দ্রের গীত', 'ময়নামতীর গান', 'গোবিন্দচন্দ্রের গান', 'গোপীচন্দ্রের সন্ন্যাস' ও 'গোপীচাঁদের পাঁচালী' ইত্যাদি।



## নাথ সাহিত্যের উল্লেখযোগ্য গ্রন্থাবলি


| গ্রন্থ | কবি/সম্পাদক | গ্রন্থ | কবি/সম্পাদক |
|---|---|---|---|
| গোরক্ষ বিজয় | শেখ ফয়জুল্লাহ | মানিকচন্দ্র রাজার গান | (সংগ্রাহক) স্যার জর্জ গ্রিয়ার্সন |
| গোপীচন্দ্রের সন্ন্যাস | শুকুর মাহমুদ | গোবিন্দ চন্দ্রগীত | দুর্লভ মল্লিক |
| মীনচেতন | শ্যামদাস সেন | ময়নামতির গান | ভবানী দাস ভীম |
| গোরক্ষবিজয় | ভীমসেন রায় | সাধনমাহাত্ম্য | মকসেদ আলী |


# অনুবাদ সাহিত্য


- ✓ অনুবাদ সাহিত্যে হিন্দু লেখকদের অনুবাদকৃত সাহিত্যের নাম 'সাহিত্যের কথা'।
- ✓ মুসলমান সাহিত্যিকদের অনুবাদকৃত সাহিত্যের নাম 'রোমান্টিক প্রণয়োপাখ্যান'।
- ✓ এ যুগের কবিগণ নিজের ভাষায় ভাবানুবাদ করতেন – পয়ার ছন্দে ।
- ✓ পৃথিবীতে জাত মহাকাব্য ৪ টি। যথা –
  - রামায়ণ – বাল্মীকি (দস্যু রত্নাকর)।
  - মহাভারত – কৃষ্ণচন্দ্র দ্বৈপায়ন বেদব্যাস।
  - ইলিয়াড – হোমার।
  - ওডেসি – হোমার।








অনুবাদ

সংস্কৃত হতে — বাংলা হতে

রামায়ণ — বাল্মীকি — ক) কৃত্তিবাস ওঝা — আগে জনপ্রিয় ছিল

৭ কাণ্ড — শ্রী চক্রবর্তী

মহাভারত — বেদব্যাস — খ) কবি পরমেশ্বর — পরাগল খাঁ; শ্রীকর নন্দী — ছুটি খান

১৮ পর্ব — কাশীরাম দাস

ভাগবত — গ) মালাধর বসু — গুণরাজ খান

(শ্রীকৃষ্ণবিজয়)

## ❑ মহাভারতঃ

- ✓ মহাভারতের রচয়িতা – মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব।
- ✓ মহাভারত সংস্কৃত ভাষায় রচিত। এর খণ্ড – ১৮ টি।
- ✓ মহাভারতের শ্লোক সংখ্যা – ৮৫০০০।
- ✓ চরিত্র- অভিমন্যু, অর্জুন, কর্ণ, দ্রৌপদী, কুন্তী, গান্ধারী, ভীম, দুর্যোধন, যুধিষ্ঠির, নকুল, সহদেব, দুঃশাসন।
- ✓ মহাভারতের প্রথম বাংলা অনুবাদক – কবীন্দ্র পরমেশ্বর।
- ✓ কবীন্দ্র পরমেশ্বর অনূদিত গ্রন্থের নাম – পরাগালী মহাভারত।
- ✓ শ্রীকর নন্দী অনূদিত গ্রন্থের নাম – 'ছুটিখানী মহাভারত'।
- ✓ মহাভারতের শ্রেষ্ঠ বাংলা অনুবাদক কবি – কাশীরাম দাস।



## ❑ ভাগবতঃ

- ✓ ভাগবত এর রচয়িতা – বেদব্যাস/ব্যাসদেব।
- ✓ ভাগবত বাংলায় প্রথম অনুবাদ করেন – মালাধর বসু।
- ✓ মালাধর বসু অনূদিত ভাগবতের নাম – শ্রীকৃষ্ণবিজয়।
- ✓ মালাধর বসুর উপাধি – গুণরাজ খান

(রুকুনুদ্দিন বারবক শাহ তাঁকে এই উপাধি দেন)।

## রামায়ণ

- ✓ এটি বিষ্ণুর অবতার রামের জীবনকাহিনি।
- ✓ রামায়ণ রচনা করেন – বাল্মীকি।
- ✓ বাল্মীকির মূল নাম – দস্যু রত্নাকর।
- ✓ বল্মীকি অর্থ – উইপোকার ঢিবি।
- ✓ চরিত্র - রাম, লক্ষ্মণ, সীতা, রাবণ, হনুমান, দশরথ।
- ✓ রামায়ণের প্রথম ও শ্রেষ্ঠ বাংলা অনুবাদক – কৃত্তিবাস ওঝা। (তিনি অনুবাদ সাহিত্যের প্রথম কবি)।
- ✓ তাঁর অনূদিত রামায়ণ – শ্রীরাম পাঁচালী।
- ✓ রামায়ণ ৭টি খণ্ড, ৫০০টি সর্গে বিভক্ত ও ২৪০০০ শ্লোকের সমষ্টি।

# POLL QUESTION-01


✪ বাংলায় কৃত্তিবাসকে রামায়ণ অনুবাদের অনুরোধ জানান-

(a) নাসির উদ্দীন শাহ


(b) গিয়াসউদ্দিন আজম শাহ

(c) আলাউদ্দিন খলজি

(d) শাহ মোহাম্মদ সগীর


W1
W2

# রোমান্টিক প্রণয়োপাখ্যান



- ✓ এ ধারার প্রথম কবি ছিলেন **শাহ মুহম্মদ সগীর**।
- ✓ তিনি বাংলা সাহিত্যের **প্রথম মুসলমান কবি**।
- ✓ তিনি গৌড়েশ্বর সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের রাজত্বকালে কাব্য রচনা করেন।
- ✓ এ ধারার **শ্রেষ্ঠ কবি** ও মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলমান কবি – **সৈয়দ আলাওল**।

# মুসলিম সাহিত্য ও রোমান্টিক প্রণয়োপাখ্যান

## ❖ রোমান্টিক প্রণয়োপাখ্যান ধারার উল্লেখযোগ্য কবি ও তাদের সাহিত্যকর্ম

| সময় | কবি | কাব্য | সময় | কবি | কাব্য |
|---|---|---|---|---|---|
| পনেরো শতক | শাহ মুহম্মদ সগীর | ইউসুফ জোলেখা | সতেরো শতক | কোরেশী মাগন ঠাকুর | চন্দ্রাবতী |
| ষোল শতক | দৌলত উজির বাহরাম খান | লায়লী মজনু | | আবদুল হাকিম | লালমতী সয়ফুলমুলুক |
| | মুহম্মদ কবীর | মধুমালতী | | নওয়াজিস খান | গুলে বকাওলী |
| | সাবিরিদ খান | হানিফা-কয়রাপরী, বিদ্যাসুন্দর | | মঙ্গল চাঁদ | শাহজালাল-মধুমালা |
| | দোনাগাজী চৌধুরী | সয়ফুলমুলুক-বদিউজ্জামাল | | সৈয়দ মুহম্মদ আকবর | জেবলমুলুক শামারোখ |
| সতেরো শতক | দৌলত কাজী | সতীময়না- লোরচন্দ্রানী | আঠারো শতক | মুহম্মদ মুকীম | মৃগাবতী |
| | আলাওল | পদ্মাবতী, সপ্তপয়কর | | শেখ সাদী | গদামল্লিকা |

# মধ্যযুগের বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষক

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

❖ মধ্যযুগে বাংলা সাহিত্যের উল্লেখযোগ্য পৃষ্ঠপোষক

| কবি | কাব্য | পৃষ্ঠপোষক | কবি | কাব্য | পৃষ্ঠপোষক |
|---|---|---|---|---|---|
| কৃত্তিবাস | রামায়ণ | জালালউদ্দিন মুহম্মদ শাহ | বিজয় গুপ্ত | পদ্মাপুরাণ | আলাউদ্দিন হোসেন শাহ |
| শাহ মুহম্মদ সগীর | ইউসুফ জোলেখা | গিয়াসউদ্দিন আজম শাহ | বিপ্রদাস পিপিলাই | মনসা বিজয় | |
| মালাধর বসু | শ্রীকৃষ্ণবিজয় | রুকনউদ্দিন বারবক শাহ | যশোরাজ খান | বৈষ্ণব পদাবলি | |
| আলাওল | পদ্মাবতী | কোরেশী মাগন ঠাকুর | জৈনুদ্দিন | রসুল বিজয় | শামসুদ্দিন ইউসুফ শাহ |
| দৌলত উজির বাহরাম খান | লায়লী মজনু | জমিদার নেজাম শাহ | আফজাল আলি | বৈষ্ণব পদ | আলাউদ্দিন ফিরোজ শাহ |
| | | | শ্রীধর দাস | বিদ্যাসুন্দর | |

সামান্য → 2 দুটি তিন্ন → তোমরা

মধ্যম + মধ্যম মধ্যম → ? → বহুবচন


ক্রিয়াপদ(রূপ) → ?

# আরাকান রাজসভায় বাংলা সাহিত্য

- ✓ মধ্যযুগে বাংলার বাহিরে আরাকানে (বর্তমান মিয়ানমার) বাংলা সাহিত্যের চর্চা হয়েছিল। এ রাজসভা 'রোসা' বা 'রোসাঙ্গ' নামে পরিচিত।
- ✓ সপ্তদশ শতকে এ অঞ্চল বাংলা সাহিত্যের প্রসারে বিশেষ অবদান রাখে।
- ✓ আরাকান রাজসভার প্রধান কবি কোরেশী মাগন ঠাকুর। তার রচিত কাব্য 'চন্দ্রাবতী' লোককাহিনি আশ্রিত রোমান্টিক প্রণয়কাব্য।
- ✓ আরাকানের সাহিত্য ভান্ডার উদ্ঘাটন করেন ১৯৩৫ সালে আবদুল করিম সাহিত্য বিশারদ 'আরাকান রাজসভায় বাংলা সাহিত্য' রচনার মাধ্যমে।
- ✓ বাংলা রোমান্টিক প্রণয়োপাখ্যানগুলোর একটি অংশ আরাকান রাজসভার কবিগণের দ্বারা সৃষ্টি হয়েছিল।
- ✓ এ রাজসভার কয়েকজন কবি হলেন- দৌলত কাজী, আলাওল, কোরেশী মাগন ঠাকুর, প্রভৃতি।

# আরাকান রাজসভার উল্লেখযোগ্য সাহিত্যকর্ম

| কবি | কাব্য |
|---|---|
| দৌলত কাজী | সতীময়না-লোর-চন্দ্রানী |
| কোরেশী মাগন ঠাকুর | চন্দ্রাবতী |
| আবদুল করিম খোন্দকার | দুল্লা মজলিস, হাজার মসাইল, নূরনামা |
| শমশের আলী | রিজওয়ান শাহ |
| মরদন | নসীরানামা |
| আলাওল | পদ্মাবতী (অনূদিত) |
| | সপ্তপয়কর (অনূদিত) |
| | সয়ফুলমুলুক বদিউজ্জামাল (অনূদিত) |
| | সিকান্দারনামা (অনূদিত) |
| | তোহফা (অনূদিত), রাগতালনামা |



# দৌলত কাজী

- ✓ দৌলত কাজী জীবনকাল আনুমানিক (১৬০০-১৬৩৮)।
- ✓ তিনি লৌকিক কাহিনির প্রথম রচয়িতা।
- ✓ তিনি সপ্তদশ শতাব্দীতে চট্টগ্রামের রাউজানে জন্মগ্রহণ করেন।
- ✓ তিনি আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি।
- ✓ সতীময়না ও লোরচন্দ্রানী কাব্যটির প্রথম দুই খণ্ড রচনার পর কবির মৃত্যু (১৬৩৮) হলে আলাওল তৃতীয় খণ্ড সমাপ্ত করেন (১৬৫৯)।

# কোরেশী মাগন ঠাকুর

- ✓ কোরেশী মাগন ঠাকুর জীবনকাল আনুমানিক (১৬০০-১৬৬০)।
- ✓ তিনি কোরেশ বংশজাত সিদ্দিকী গোত্রভুক্ত মুসলমান; তাঁর প্রকৃত নাম জানা যায়নি। তাঁর জন্ম চট্টগ্রামে।
- ✓ মাগন ঠাকুর তাঁর ডাকনাম; ‘ঠাকুর’ আরাকানি রাজাদের সম্মানিত উপাধি।
- ✓ কবি আলাওলের পৃষ্ঠপোষকতার পাশাপাশি নিজেও কাব্য রচনা করেছেন; তার কাব্যের নাম ‘চন্দ্রাবতী’।
- ✓ তৎকালীন আরাকানে প্রচলিত রূপকথাকে উপজীব্য করে লিখিত কাব্যতে তার মৌলিক প্রতিভা দেখিয়েছেন।
- ✓ তার উৎসাহে আলাওল ‘সয়ফুলমুলুক-বদিউজ্জামাল’ রচনা করেছেন যেখানে তার পরিচয় দেয়া হয়েছে রোসাঙ্গের প্রধানমন্ত্রী হিসেবে।

# আলাওল

- ✓ আলাওল জীবনকাল আনুমানিক (১৬০৭-১৬৮০)।
- ✓ আরাকান রাজসভার শ্রেষ্ঠ কবি ছিলেন মহাকবি আলাওল।
- ✓ ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, তাঁর জন্ম ফরিদপুরের ফতেহাবাদ এবং এনামুল হকের মতে, চট্টগ্রামের হাটহাজারীর জোবরা গ্রামে।
- ✓ তিনি মধ্যযুগের রোমান্টিক প্রণয়োপাখ্যান ধারার শ্রেষ্ঠ কবি এবং তাঁকে শ্রেষ্ঠ মুসলমান কবিও বলা হয়।
- ✓ আরাকান রাজসভার প্রধান কোরেশী মাগন ঠাকুরের পৃষ্ঠপোষকতায় আলাওল কাব্য রচনা করেন।

# শাহ মুহম্মদ সগীর



- ✓ শাহ মুহম্মদ সগীর জন্ম আনুমানিক ১৪শ-এর শেষ থেকে ১৫শ শতাব্দী।
- ✓ মধ্যযুগে মুসলমান কবিদের মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন কবি।
- ✓ তাঁর রচিত কাব্যটির নাম 'ইউসুফ জোলেখা'।



# দৌলত উজির বাহরাম খান

- ✓ দৌলত উজির বাহরাম খান এর জন্ম ফতেহাবাদ, চট্টগ্রাম।
- ✓ তাঁর প্রকৃত নাম আসাউদ্দীন।
- ✓ তাঁর উপাধি দৌলত উজির।
- ✓ তাঁর রচিত প্রথম কাব্যের নাম 'লায়লী-মজনু' (১৫৪৩ – ১৫৫৩)।



# মুকুন্দরাম চক্রবর্তী

- ✓ মুকুন্দরাম চক্রবর্তীর জীবনকাল আনুমানিক (১৫৪০ – ১৬০৪)।
- ✓ তিনি জন্মগ্রহণ করেন দামুন্যা গ্রাম, বর্ধমান।
- ✓ মেদিনীপুরের রাজা রঘুনাথ রায়ের অনুরোধে তিনি চণ্ডীমঙ্গল কাব্য রচনা করেন।
- ✓ তাঁকে দুঃখবর্ণনার কবি বলে আখ্যায়িত করা হয়।
- ✓ কবি তাঁর রচনার স্বীকৃতি স্বরূপ কবিকঙ্কণ উপাধি লাভ করেন। রাজা রঘুনাথ রায় এই উপাধি প্রদান করেন।

# চন্দ্রাবতী

- ✓ চন্দ্রাবতী ছিলেন মধ্যযুগের তিনজন প্রধান নারী কবির একজন।
- ✓ রামায়ণের প্রথম মহিলা বাংলা অনুবাদক – চন্দ্রাবতী
- ✓ চন্দ্রাবতী বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি।
- ✓ তিনি কিশোরগঞ্জ অঞ্চলের মানুষ।
- ✓ তাঁর পিতার নাম – দ্বিজ বংশীদাস।
- ✓ তাঁর অন্যান্য গ্রন্থ – মলুয়া, দস্যু কেনারামের পালা।

# ভারতচন্দ্র রায়গুণাকর

- ✓ বাংলা সাহিত্যের প্রথম **'নাগরিক কবি'** হিসেবে বিখ্যাত এই কবি ১৭০৭ খ্রিষ্টাব্দে ভুরসুট পরগনার আধুনিক হাওড়া জেলায় পেঁড়ো (পাণ্ডুয়া) গ্রামে জমিদার পরিবারে জন্মগ্রহণ করেন। যদিও তার জন্মসাল নিয়ে মতানৈক্য রয়েছে।
- ✓ ভারতচন্দ্র রায়গুণাকর অষ্টাদশ শতাব্দীর শ্রেষ্ঠ বাঙালি কবি ও **মঙ্গলকাব্যের সর্বশেষ কবি;** তিনি মধ্যযুগের শ্রেষ্ঠ কবি।
- ✓ তিনি ছিলেন নবদ্বীপ বা নদীয়ার মহারাজ কৃষ্ণচন্দ্রের সভাকবি। 'রায়' তার পারিবারিক পদবি।
- ✓ রাজা কৃষ্ণচন্দ্র তাকে **'গুণাকর'** উপাধিতে ভূষিত করেন।
- ✓ ভারতচন্দ্র ১৭৬০ খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুর সাথে সাথেই বাংলা সাহিত্যে মধ্যযুগের অবসান হয়।

➢ **তাঁর অন্যান্য রচনা**

- ✓ **'সত্য নারায়ণ পাঁচালী** (কাব্য)', 'নাগাষ্টক' ও 'গঙ্গাষ্টক'(সংস্কৃত কবিতা), 'রসমঞ্জরী' (অনুবাদ কাব্য), 'মানসিংহ ভবানন্দ উপাখ্যান' এবং 'চণ্ডীনাটক'।

❖ **ভারতচন্দ্র রায়গুণাকর কিছু বিখ্যাত উক্তি**

- আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।
- বড়র পিরীতি বালির বাঁধ/ক্ষণে হাতে দড়ি ক্ষণেকে চাঁদ।
- মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।
- নগর পুড়িলে দেবালয় কি এড়ায়?

# আব্দুল হাকিম

- ✓ তাঁর জীবনকাল - ১৬২০-১৬৯০।
- ✓ তিনি তাঁর রচিত নূরনামা কাব্য ও বঙ্গবাণী কবিতার জন্য অধিক পরিচিত।
- ✓ বাঙালি হিসেবে তাঁর গর্ববোধ ছিল। সে সময় একশ্রেণির লোকের বাংলা ভাষার প্রতি অবজ্ঞার জবাবে তিনি তাঁর নূরনামা কাব্য লিখেছিলেন :

"যে সব বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী।
সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।।"

"দেশী ভাষা বিদ্যা যার মনে ন জুয়াএ,
নিজ দেশে তেয়াগী কেন বিদেশ ন যাএ'

➢ **গ্রন্থ**

- ইউসুফ-জুলেখা
- নূরনামা
- লালমতি সয়ফুলমুলুক
- হানিফার লড়াই
- কারবালা
- শহরনামা
- নসিয়তনামা
- দূররে মজলিস
- চারি মোকাম ভেদ
- শাহাবুদ্দিননামা

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

✪ আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি-

(a) কোরেশী মাগন ঠাকুর

(b) দৌলত কাজী

(c) আলাওল

(d) মরদান

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

➲ **'যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী।**
**সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।' ।---- কবিতাংশটি কোন কাব্যের অন্তর্গত?** [৪৬তম বিসিএস]

(ক) নূরনামা (খ) নসিহতনামা (গ) মধুমালতী (ঘ) ইউসুফ-জুলেখা

➲ **আলাওল কোন শতাব্দীর কবি?** [৪৬তম বিসিএস]

(ক) পঞ্চদশ (খ) ষোড়শ (গ) সপ্তদশ (ঘ) অষ্টাদশ

➲ **নিচের কোন জন যুদ্ধকাব্যের রচয়িতা নন?** [৪৫তম বিসিএস]

(ক) দৌলত উজির বাহরাম খাঁ (খ) সাবিরিদ খাঁ
(গ) সৈয়দ সুলতান (ঘ) সৈয়দ নূরুদ্দীন

➲ **কোনটি কবি জৈনুদ্দিনের কাব্যগ্রন্থ?** [৪৫তম বিসিএস]

(ক) রসুল বিজয় (খ) মক্কা বিজয় (গ) রসুলচরিত (ঘ) মক্কানামা

➲ **'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' কোথা থেকে উদ্ধার করা হয়েছিল?** [৪৪তম বিসিএস]

(ক) নেপালের রাজদরবার থেকে (খ) গোয়ালঘর থেকে
(গ) পাঠশালা থেকে (ঘ) কান্তজীর মন্দির থেকে

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

- **বিদ্যাপতি মূলত কোন ভাষার কবি ছিলেন?** [৪৪তম বিসিএস]
  (ক) মারাঠি (খ) হিন্দি (গ) মৈথিলি (ঘ) গুজরাটি

- **'আমার সন্তান যেন থাকে দুধেভাতে।' -এই মনোবাঞ্ছাটি কার?** [৪৪তম বিসিএস]
  (ক) ভবানন্দের (খ) ভাঁড়ুদত্তের (গ) ঈশ্বরী পাটনীর (ঘ) ফুল্লরার

- **দৌলত উজির বাহরাম খান সাহিত্যসৃষ্টিতে কার পৃষ্ঠপোষকতা লাভ করেন?** [৪৩তম বিসিএস]
  (ক) সুলতান গিয়াসউদ্দিন আজম শাহ (খ) কোরেশী মাগন ঠাকুর
  (গ) সুলতান বরবক শাহ (ঘ) জমিদার নিজাম শাহ

- **মহাকবি আলাওল রচিত কাব্য-** [৪২তম বিসিএস]
  (ক) চন্দ্রাবতী (খ) পদ্মাবতী (গ) মধুমালতী (ঘ) লাইলী মজনু

- **পাঁচালিকার হিসেবে সর্বাধিক খ্যাতি কার ছিল?** [৪১তম বিসিএস]
  (ক) দাশরথি রায় (খ) রামনিধি গুপ্ত (গ) ফকির গরীবুল্লাহ (ঘ) রামরাম বসু

- **চারণকবি হিসেবে বিখ্যাত কে?** [৪১তম বিসিএস]
  (ক) আলাওল (খ) চন্দ্রাবতী (গ) মুকুন্দদাস (ঘ) মুক্তারাম চক্রবর্তী

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

➲ **জীবনীকাব্য রচনার জন্য বিখ্যাত:** [৪০তম বিসিএস]

(ক) ফকির গরীবুল্লাহ (খ) নরহরি চক্রবর্তী (গ) বিপ্রদাস পিপিলাই (ঘ) বৃন্দাবন দাস

➲ **দৌলত উজির বাহরাম খান কোন অঞ্চলের অধিবাসী ছিলেন?** [৩৮তম বিসিএস]

(ক) ফরিদপুর (খ) সিলেট (গ) কৃষ্ণনগর (ঘ) চট্টগ্রাম

➲ **'চন্দ্রাবতী' কী?** [৩৮তম বিসিএস]

(ক) নাটক (খ) কাব্য (গ) পদাবলি (ঘ) পালাগান

➲ **'তোহফা' কাব্যটি কে রচনা করেন?** [৩৬তম বিসিএস]

(ক) দৌলত কাজী (খ) মাগন ঠাকুর (গ) সাবারিদ খান (ঘ) আলাওল

➲ **মধ্যযুগের শেষ কবি ভারতচন্দ্র রায়গুণাকর কত সালে মৃত্যুবরণ করেন?** [৩৬তম বিসিএস]

(ক) ১৭৫৬ (খ) ১৭৫২ (গ) ১৭৬০ (ঘ) ১৭৬২

➲ **"তাম্বুল রাতুল হইল অধর পরশে" –অর্থ কী?** [৩৫তম বিসিএস]

(ক) ঠোঁটের পরশে পান লাল হল'

(খ) পানের পরশে ঠোঁট লাল হল

(গ) অস্তাচলগামী সূর্যের আভায় মুখ রক্তিম দেখা গেল

(ঘ) অস্তাচলগামী সূর্য ও মুখ একই রকম লাল হয়ে গেল

আল্লাহ হাফেজ

# BCS কঠিন নয়; প্রস্তুতি যদি গোছানো হয়

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy

Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy

YouTube Channel
https://www.youtube.com/@Uttoron

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি
(https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)

একটি উদ্ভাস-উন্মেষ প্রতিষ্ঠান

09666775566
www.uttoron.academy